

## শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

নং-এসএমইউসিটি/অভ্য./নোটিস/২৩/০৬/১৩৬

তারিখ: ০৪-০৭-২০২৩

### শিক্ষাবৃত্তি সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, শিক্ষানুরাগী, সমাজসেবক, বিশিষ্ট ব্যবসায়ী ও বীর মুক্তিযোদ্ধা মরহুম মো: ইমামুল কবীর শান্ত'র স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে দরিদ্র / অনুন্নত অঞ্চলের বাসিন্দা অথচ মেধাবী শিক্ষার্থীদের জন্য তিনটি অনুষদের তিনটি শিক্ষাবৃত্তি চালু করা হয়েছে। মনোনীত শিক্ষার্থীরা এক বছরের টিউশন ফি (১০০%) শিক্ষাবৃত্তি প্রাপ্ত হবে।

দরিদ্র / অনুন্নত অঞ্চলের বাসিন্দা অথচ মেধাবী শিক্ষার্থীদের যথাযথ প্রমানপত্র এবং পূর্ববর্তী পরীক্ষার রেজাল্টসহ আগামী ১০-০৭-২০২৩ তারিখের মধ্যে বিভাগীয় প্রধানের নিকট আবেদনপত্র জমা দেয়ার জন্য আহবান করা হলো।

বি.দ্র. প্রতিটি বিভাগ দরিদ্র /অনুন্নত অঞ্চলের বাসিন্দা অথচ মেধাবী শিক্ষার্থীদের মধ্য হতে যোগ্য একজনের আবেদন প্রয়োজনীয় কাগজপত্র ও সুপারিশসহ রেজিস্ট্রার বরাবর প্রেরণ করবে।

সন্মানিত বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর ও শিক্ষকগণকে বিষয়টি শিক্ষার্থীদের মাঝে প্রচার এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এই বিজ্ঞপ্তিটি মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।

০৪.০৭.২৩

(ড. পাড় মশিয়ুর রহমান)  
রেজিস্ট্রার



অনুলিপি :

১. সকল বিভাগীয় প্রধান এবং কো-অর্ডিনেটর
২. সংশ্লিষ্ট সকল
৩. সচিব, বোর্ড অব ট্রাস্টিজ (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৪. মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব
৫. নোটিশ বোর্ড / অফিস নথি